<u>অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন</u>

# শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম: জুন/২০২৩**

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | ০১ | ০৪ | ০৫ | ১৩ | ১৮ | ০৮ | পরিশিষ্ট-ক | ১০ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | ০১ | - | ০১ | - | ০১ | - | - | ০১ | - |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | ০১ | - | ০১ | ০৩ | ০৪ | ০১ | পরিশিষ্ট-ক | ০৩ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | ০১ | - | ০১ | ০৩ | ০৪ | ০১ | পরিশিষ্ট-ক | ০৩ | ঐ |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই) | ০১ | - | ০১ | - | ০১ | ০১ | পরিশিষ্ট-ক | - | - |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | - |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | - |
| পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | - | - | - | ০২ | ০২ | ০১ | পরিশিষ্ট-ক | ০১ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | - |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | - |
| **মোট** | **০৫** | **০৪** | **০৯** | **২১** | **৩০** | **১২** | **-** | **১৮** | |

**পরিশিষ্ট-ক**

১। **শিল্প মন্ত্রণালয়:**

**(ক)** পঞ্চগড়ের চা শিল্পে ফ্যাক্টরী মালিকদের সিন্ডিকেটের বিষয়ে অনলাইনে মো: আল আমিন এর নিকট হতে একটি অভিযোগ এসেছে যা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ড. জিন্নাত রেহানা, যুগ্মসচিব, প্রশাসন-১ অধিশাখা, বাণিজ্য মন্ত্রণালয় বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে

**(খ)** কর্পোরেট অফিসের সময় কমিয়ে শিল্প প্রতিষ্ঠানে অধিক পরিমাণে বিদ্যুৎ সরবরাহ প্রসঙ্গে বিষয় ইংরেজী পরিক্ষা না দিয়ে নিছে বিজ্ঞান পরিক্ষা এরা কি গাজা খাইয়া শিক্ষকতা করে বিষয়ে অনলাইনে Mohammad kamal নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ এসেছে যা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মো: জাহিদুল ইসলাম, যুগ্মসচিব, সমন্বয় অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(গ)** কর্পোরেট অফিস গুলোর সময় কমিয়ে শিল্প কারখানায় অধিক পরিমাণে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা বিষয়ে অনলাইনে নাম, ঠিকানাবিহীন একটি অভিযোগ এসেছে যা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মো: জাহিদুল ইসলাম, যুগ্মসচিব, সমন্বয় অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(ঘ)** স্কুল প্রতিষ্ঠান অসাবধানতা বিষয়ে অনলাইনে মুনিয়া রহমান নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ এসেছে যা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বেগম নূরজাহান খাতুন, অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রশাসন অনুবিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(ঙ)** টেন্ডার মোতাবেক যন্ত্র সরবরাহ না করে অর্থ আত্মসাত বিষয়ে দুর্নীতি দমন কমিশন হতে একটি অভিযোগ এসেছে যা তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, বিএসইসি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে এবং দুদকে অবহিত করে মন্ত্রণালয় পর্যায়ে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

**(চ)** গাজী এরশাদ উল্ল্যাহ নামক ব্যক্তির নিকট হতে হাতে লিখা একটি অভিযোগ এসেছে যা নোটের মাধ্যমে নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে।

**(ছ)** দেশ বাচাঁও, জাতি বাচাঁও, সিইউএফএল বাচাঁও, দুর্নীত কমাও বিষয়ে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা হতে একটি অভিযোগ এসেছে যা তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, বিএসইসি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে এবং দুদকে অবহিত করে মন্ত্রণালয় পর্যায়ে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

**(জ)** সরকারি অর্থ/সম্পত্তি আত্মসাৎ বা ক্ষতিসাধন বিষয়ে দুদক হতে একটি অভিযোগ এসেছে যা তদন্তপূর্বক অভিযোগের কোন সত্যতা পাওয়া যায়নি মর্মে নিষ্পত্তি করা হয়েছে।

২। **বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):**

**(ক)** অভিযুক্ত কর্মচারীদের ০৮ লক্ষ টাকা উৎকোচ না দেয়ায় শিল্প মন্ত্রণালয় ও বিসিক চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা বাস্তবায়ন না করে হয়রানীকরণ সংক্রান্ত অভিযোগটি তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন মোতাবেক প্রমাণিত হয়নি মর্মে অভিযোগটি নিষ্পত্তি করা হয়।

৩। **বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি):**

**(ক)** জনাব আবু বকর সিদ্দিক, সিনিয়র মাষ্টার টেকনিশিয়ান, এটলাস বাংলাদেশ লি:, টঙ্গী, গাজীপুর এর বিরুদ্ধে নিয়ম শৃঙ্খলা ও উন্নয়নে বাধা এবং অনৈতিক সুবিধা আদায় সংক্রান্ত অভিযোগ তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব আবু বকর সিদ্দিক, সিনিয়র মাষ্টার টেকনিশিয়ান এর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে ১(এক) মাসের মধ্যে বিএসইসি-কে জানানোর জন্য এটলাস বাংলাদেশ লিমিটেড, টঙ্গী, গাজীপুর এর ব্যবস্থাপনা পরিচালক বরাবর তদন্ত প্রতিবেদনসহ পত্র প্রেরণ করা হয়। এটলাস বাংলাদেশ লি: কর্তৃক জনাব আবু বকর সিদ্দিক, সিনিয়র মাষ্টার টেকনিশিয়ান-কে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ২৩ ধারার উপধারা ২ এর (ঘ) এর বিধান অনুযায়ী অনধিক এক বৎসরের অর্থাৎ ০১-০৭-২০২৩ তারিখে তার প্রাপ্য বার্ষিক বেতন বৃদ্ধি বন্ধ রাখাসহ কঠোরভাবে সতর্ক করা হয়েছে মর্মে বিএসইসি-কে জানিয়েছে।

৪। **বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই):**

**(ক)** ম্যারিকো বাংলাদেশ লিঃ এর প্রতিনিধি জনাব মোঃ জাহাঙ্গীর আলম অভিযোগ করেন, ঢাকা জেলার কেরানীগঞ্জ থানাধীন এলাকায় কে. এম পদ্মা কনজুমার প্রোডাক্টস প্রতিষ্ঠানটি বিএসটিআই সিএম লাইসেন্স গ্রহণ ব্যতীত বাধ্যতামূলক পণ্য "ডিটারজেন্ট পাউডার (ব্র্যান্ড: আশা), এলইডি বাল্ব (ব্র্যান্ড: কে.এম পদ্মা)" উৎপাদন, বিক্রয় এবং বাজারজাত করা হচ্ছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সরেজমিন তদন্ত করে অভিযোগের সত্যতা পাওয়া যায়। পরবর্তীতে প্রতিষ্ঠানটিতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে বিএসটিআই আইন, ২০১৮ অনুসারে টাকা ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) এবং পণ্য মোড়কজাতকরণ নিবন্ধন সনদ গ্রহণ ব্যতীত পণ্য "সরিষার তেল, নারিকেল তেল, ডিটারজেন্ট পাউডার, এলইডি বাল্ব" উৎপাদন, বিক্রি এবং বাজারজাত করার অপরাধে ওজন ও পরিমাপ মানদন্ড আইন, ২০১৮ অনুযায়ী প্রতিষ্ঠানটিকে টাকা ৩০,০০০/- (ত্রিশ হাজার) জরিমানা প্রদান করা হয়। বিষয়টি অভিযোগকারীকে জানিয়ে দেওয়া হয়েছে।

৫। **পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি):**

**(ক)** ম্যারিকো বাংলাদেশ লিঃ এর প্রতিনিধি জনাব মোঃ জাহাঙ্গীর আলম অভিযোগ করেন, ঢাকা জেলার কেরানীগঞ্জ থানাধীন এলাকায় কে. এম পদ্মা কনজুমার প্রোডাক্টস প্রতিষ্ঠানটি বিএসটিআই সিএম লাইসেন্স গ্রহণ ব্যতীত বাধ্যতামূলক পণ্য "ডিটারজেন্ট পাউডার (ব্র্যান্ড: আশা), এলইডি বাল্ব (ব্র্যান্ড: কে.এম পদ্মা)" উৎপাদন, বিক্রয় এবং বাজারজাত করা হচ্ছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সরেজমিন তদন্ত করে অভিযোগের সত্যতা পাওয়া যায়। পরবর্তীতে প্রতিষ্ঠানটিতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে বিএসটিআই আইন, ২০১৮ অনুসারে টাকা ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) এবং পণ্য মোড়কজাতকরণ নিবন্ধন সনদ গ্রহণ ব্যতীত পণ্য "সরিষার তেল, নারিকেল তেল, ডিটারজেন্ট পাউডার, এলইডি বাল্ব" উৎপাদন, বিক্রি এবং বাজারজাত করার অপরাধে ওজন ও পরিমাপ মানদন্ড আইন, ২০১৮ অনুযায়ী প্রতিষ্ঠানটিকে টাকা ৩০,০০০/- (ত্রিশ হাজার) জরিমানা প্রদান করা হয়। বিষয়টি অভিযোগকারীকে জানিয়ে দেওয়া হয়েছে।